এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** ২০০২ সালে অস্কার মনোনীত 'মাটির ময়না' ছবির অন্যতম পরিচালক ক্যাথরিন মাসুদ। তিনি ১৯৬৩ সালে যুক্তরাষ্ট্রের শিকাগো শহরে জন্মগ্রহণ করেন। বাংলাদেশের খ্যাতিমান তারেক মাসুদের সাথে বিয়ের পর ১৯৯৫ সাল থেকে তিনি এদেশে স্থায়ীভাবে বসবাস শুরু করেন। খ্যাতিমান চলচ্চিত্র বিশেষজ্ঞ ক্যাথরিন মাসুদ বাংলা ভাষা ও বাঙালি ঐতিহ্যে মুগ্ধ হয়ে চলচ্চিত্র শিল্পকে সামাজিক অঙ্গনে সুপ্রতিষ্ঠিতকরণে কাজ করে যাচ্ছেন। উল্লেখ্য যে, তিনি বাংলাদেশের গত জাতীয় সংসদ নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করেন।

ক. বর্তমানে কাদেরকে নাগরিক বলা হয়? ১

খ. নিয়মিত কর প্রদান করা প্রত্যেক নাগরিকের কর্তব্য কেন? ২

গ. ক্যাথরিন মাসুদের নাগরিকত্ব লাভের ক্ষেত্রে কোন প্রক্রিয়া অনুসরণ করা হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদের বাংলাদেশে নাগরিকতা লাভে কী ধরনের পার্থক্য পরিলক্ষিত হয়? বিশ্লেষণ কর। ৪

**২.▶** মি. অশোক 'ক' রাষ্ট্রের প্রধানমন্ত্রী। তার কার্যক্রমের জন্য তিনি ও তার মন্ত্রিসভা দেশের জাতীয় সংসদের কাছে দায়ী। তাদের দেশের রাষ্ট্রপতি ও মন্ত্রিসভা প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কার্যক্রম পরিচালনা করেন। তার দেশের আইন অনুযায়ী সংসদ অনাস্থা জ্ঞাপন করলে তাদের পদত্যাগ করতে হয়।

ক. সংসদীয় সরকারের প্রধান কে? ১

খ. যুক্তরাষ্ট্রীয় সরকার ব্যবস্থা জটিল পদ্ধতির ব্যবস্থা কেন? ২

গ. মি. অশোকের দেশে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. অনুচ্ছেদে উল্লিখিত সরকার ব্যবস্থাটি উত্তম সরকার ব্যবস্থা— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**৩.▶** নিচের ছকটি পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

| | সরকারের ত্রুটি | সরকার ব্যবস্থা |
|---|---|---|
| A | বিভিন্ন মতবাদ জোরপূর্বক দমন করা হয় | ? |
| B | স্থিতিশীলতার অভাব | ? |

ক. কোন শাসন ব্যবস্থায় কেন্দ্রীয়ভাবে ক্ষমতার চর্চা ও সিদ্ধান্ত গৃহীত হয়? ১

খ. গণতন্ত্র কীভাবে নাগরিকের মর্যাদা বৃদ্ধি করে? ২

গ. উদ্দীপকের B দ্বারা কোন সরকারের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. A ও B এই দুই সরকারের মধ্যে কোন সরকারকে তুমি উত্তম মনে কর? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

৪.▶ ক ও খ এ দুজন দুই দেশের নাগরিক। 'ক' যে দেশের নাগরিক সে দেশের সংবিধান সুস্পষ্ট, স্থিতিশীল এবং জনগণের মৌলিক অধিকার সেখানে সন্নিবেশিত থাকে। অপরপক্ষে 'খ' যে দেশের নাগরিক সে দেশের সংবিধান অস্পষ্ট, পরিবর্তনশীল এবং বিপ্লবের সম্ভাবনা কম।

ক. সংশোধনের ভিত্তিতে সংবিধানকে কয় ভাগে ভাগ করা যায়? ১

খ. বাংলাদেশের সংবিধানকে লিখিত দলিল বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত দুটি রাষ্ট্রের সংবিধানের মধ্যে তুলনামূলক পার্থক্য আলোচনা কর। ৩

ঘ. উভয় দেশের সংবিধানের মধ্যে কোনটিকে তুমি উত্তম মনে কর? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ আসাদ চৌধুরী বাংলাদেশ সরকারের নামেমাত্র প্রধান হলেও তিনি তার পদাধিকার বলে রাষ্ট্রের শীর্ষস্থানীয় কর্মকর্তাদের নিয়োগ দিয়ে থাকেন। প্রজাতন্ত্রের সকল কাজ তার নামে পরিচালিত হয়।

ক. বিচার বিভাগের সর্বোচ্চ আদালতের নাম কী? ১

খ. জেলা প্রশাসন বলতে কী বোঝ? ২

গ. আসাদ চৌধুরী কোন পদ মর্যাদার অধিকারী? উক্ত ব্যক্তির যোগ্যতা ও নিয়োগ প্রক্রিয়া ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ব্যক্তির কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

৬.▶ বাংলাদেশের জাতীয় নির্বাচনে 'ক' ও 'খ' ব্যক্তি ঢাকার একটি আসন থেকে প্রতিযোগিতা করেন। তারা ভোটারদের বাড়িতে গিয়ে কুশল বিনিময় করেন। এছাড়াও নির্বাচনি এলাকার বিভিন্ন স্থানে মিটিং, মিছিল কর্মসূচি পালন করেন। নির্বাচনে ভোটারগণ 'খ' ব্যক্তিকে সৎ ও যোগ্য মনে করে ভোট দিয়ে জয়যুক্ত করেন।

ক. কোন শাসন ব্যবস্থায় রাজনৈতিক দল অপরিহার্য? ১

খ. রাজনৈতিক দলের প্রধান লক্ষ্য কী? ২

গ. 'খ' ব্যক্তি কোন পদ্ধতিতে নির্বাচিত হন? ব্যাখ্যা কর। ৩

ঘ. নির্বাচনে 'ক' ও 'খ' ব্যক্তির কাজগুলোর মধ্য দিয়ে রাজনৈতিক দলের কোন প্রধান কাজের প্রতিফলন ঘটেছে? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ মা, বোন ও গাড়িচালককে গুলি করে ৬ বছরের শিশুকে অপহরণ করেছে মোটর সাইকেল আরোহী দুর্বৃত্তরা। শিশুটিকে মুক্তির বিনিময়ে ৫০ লক্ষ টাকা দাবি করেছে অপহরণকারীরা।

ক. VGF-এর পূর্ণরূপ কী? ১

খ. খাদ্য নিরাপত্তা বলতে কী বোঝ? ২

গ. উল্লিখিত সন্ত্রাসবাদের কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. সন্ত্রাস দমনে কী কী পদক্ষেপ যথার্থ বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

teachingbd.com

৮.▶ রফিকের কোনো অক্ষরজ্ঞান নেই। নিজের কর্মফলকে সে ভাগ্যের হাতে ছেড়ে দেয়। চিন্তার বন্ধ্যাত্ব ও মূল্যবোধের অভাবে সে আত্মসচেতন হতে পারে না। তার দৃষ্টিভঙ্গি অত্যন্ত সংকীর্ণ।

ক. কত সালে সম্পূর্ণ স্বাক্ষরতা আন্দোলন শুরু হয়? ১

খ. কর্মমুখী শিক্ষা বলতে কী বোঝ? ২

গ. রফিক কোন ধরনের সমস্যায় আক্রান্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সমস্যা সমাধানের উপায়গুলো বিশ্লেষণ কর। ৪

৯.▶ দ্বিতীয় বিশ্বযুদ্ধের ধ্বংসলীলা দেখে বিশ্ব নেতৃবৃন্দ শঙ্কিত ও হতবাক হয়ে যান। তারা একমত ও একজোট হয়ে যুদ্ধ বন্ধ এবং শান্তি প্রতিষ্ঠার জন্য একটি বিশ্ব সংগঠন গড়ে তোলেন। এই সংগঠনের প্রধান নির্বাহী কর্মকর্তাকে মহাসচিব বলা হয়। কার্যত মুক্তিযুদ্ধের সময় থেকেই সংগঠনটির সাথে বাংলাদেশের গভীর ও হৃদ্যতাপূর্ণ সম্পর্ক গড়ে উঠেছে।

ক. ওআইসির সদর দপ্তর কোথায় অবস্থিত? ১

খ. বিশ্বশান্তি ও নিরাপত্তা রক্ষার মূল দায়িত্ব জাতিসংঘের কোন শাখার? বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে কোন আন্তর্জাতিক সংগঠনের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সংগঠনটির সাথে বাংলাদেশের সম্পর্ক মূল্যায়ন কর। ৪

১০.▶ শিমুলের পরিবারে তার বাবা হলেন পরিবারের অভিভাবক। তার বাবা পরিবারের সকলের জন্য দিক নির্দেশনা প্রদান করেন। তার নিয়মনীতি মেনেই সবাই কর্তব্য পালন করে। কেউ কোনো অন্যায় করলে তিনি তার জন্য শাস্তির ব্যবস্থা করেন। তিনিই সকলের প্রতিনিধি হিসেবে কাজ করেন। তিনি সবার মতামতকেও সমানভাবে গুরুত্ব দেন।

ক. সরকারের কয়টি বিভাগ আছে? ১

খ. রাষ্ট্র বলতে কী বোঝায়? ২

গ. শিমুলের বাবার সাথে রাষ্ট্রের কোন প্রতিষ্ঠানের কার্যক্রমের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'শিমুলের বাবার মতোই উক্ত প্রতিষ্ঠানটি রাষ্ট্রের অভিভাবক'— পাঠ্যবইয়ের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১১.▶ আকলিমার বয়স ১৯ বছর। সে বাংলাদেশের নাগরিক। এ বছর সে বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচনের একজন ভোটার। বাংলাদেশের প্রচলিত নির্বাচন পদ্ধতি অনুসারে সে ভোট দেবে।

ক. ভোটদান পদ্ধতি কত প্রকার? ১

খ. পরোক্ষ নির্বাচনের ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকের আকলিমা কোন পদ্ধতিতে ভোট দিতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পৃথিবীর বিভিন্ন দেশের ভোটদান পদ্ধতির সাথে উদ্দীপকের ভোটদান পদ্ধতির তুলনামূলক আলোচনা কর। ৪

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **সিভিটাস শব্দের অর্থ কী?**
ⓚ নগর ⓚh নাগরিক
ⓖ নগর রাষ্ট্র ⓖh রাষ্ট্র

২. **সভ্য জীবন যাপনের জন্য আদর্শ স্থান কোনটি?**
ⓚ সমাজ ⓚh পরিবার
ⓖ রাষ্ট্র ⓖh শহর

৩. **কোন প্রতিষ্ঠানগুলো মানুষের ব্যক্তিত্ব বিকাশের জন্য অপরিহার্য?**
ⓚ সামাজিক প্রতিষ্ঠান ⓚh রাষ্ট্রীয় প্রতিষ্ঠান
ⓖ ব্যক্তিগত প্রতিষ্ঠান ⓖh আন্তর্জাতিক প্রতিষ্ঠান

৪. **একজন সুনাগরিক রাষ্ট্রের ক্ষেত্রে কীরূপ?**
ⓚ দর্পনস্বরূপ ⓚh সম্পদ স্বরূপ
ⓖ হাতিয়ার স্বরূপ ⓖh প্রাণ স্বরূপ

**নিচের অনুচ্ছেদ পড়ে এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**

আমান মিয়া একজন সরকারি কর্মকর্তা। তিনি সুযোগ থাকা সত্ত্বেও কাজের বিনিময়ে কোনো অবৈধ অর্থ নেন না। পরিবারের সদস্য সংখ্যা বেশি হওয়ায় তাকে সংসার চালাতে বেশ কষ্ট করতে হয়।

৫. **আমান মিয়ার কাজে মূলত নাগরিকের কোন দিকটি ফুটে উঠেছে?**
ⓚ বুদ্ধিমত্তা ⓚh আত্মসংযম
ⓖ ন্যায় নিষ্ঠা ⓖh বিবেক

৬. **তার মতো দেশের অন্যান্য জনগণের মধ্যে উক্ত নাগরিক গুণটি থাকলে—**
i. নাগরিকের অধিকার রক্ষিত হবে
ii. পারস্পরিক শ্রদ্ধাবোধ বাড়বে
iii. পারস্পরিক মতবিরোধ দেখা দিবে।
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

৭. **আইন প্রধানত কত প্রকার?**
ⓚ ২ ⓚh ৩
ⓖ ৪ ⓖh ৫

৮. **অর্থনৈতিক স্বাধীনতা বলতে কী বোঝায়?**
ⓚ খেয়াল খুশি মত খরচ করার সামর্থ
ⓚh বিপুল সম্পদের মালিকানা
ⓖ উচ্চ শিক্ষা ও বিপুল অর্থের মালিকানা
ⓖh অভাব হতে মুক্তি

৯. **চীন কী ধরনের রাষ্ট্র?**
ⓚ পুঁজিবাদী ⓚh গণতান্ত্রিক
ⓖ সমাজতান্ত্রিক ⓖh এক নায়কতান্ত্রিক


১০. **গণতন্ত্রের বাহন কোনটি?**
ⓚ আইনের শাসন ⓚh অর্থনৈতিক সাম্য
ⓖ পরম সহিষ্ণুতা ⓖh নির্বাচন

১১. **ম্যাগনাকার্টা কী?**
ⓚ অর্থ বীল ⓚh পার্লামেন্ট
ⓖ অধিকার সনদ ⓖh চুক্তিপত্র

১২. **উত্তম সংবিধানের ভাষা—**
i. সহজ
ii. সরল
iii. প্রাণঞ্জল
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

১৩. **তত্ত্বাবধায়ক সরকারের প্রধান লতিফুর রহমান বাংলাদেশ সংবিধানের কততম সংশোধনীর ফলে সরকার প্রধান হয়েছিলেন?**
ⓚ দ্বাদশ ⓚh ত্রয়োদশ
ⓖ চর্তুদশ ⓖh পঞ্চদশ

নিচের ছকটি দেখ এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :




১৪. **বাংলাদেশ সরকারের কোন বিভাগ ছকে নির্দেশিত হয়েছে?**
ⓚ আইন বিভাগ ⓚh বিচার বিভাগ
ⓖ শাসন বিভাগ ⓖh উন্নয়ন বিভাগ

Teachingbd.com

http://teachingbd.com

১৫. বাংলাদেশ সরকারের উক্ত বিভাগটি—
i. আইনের শাসনকে অক্ষুণ্ন রাখে
ii. অধ্যাদেশ জারি করে
iii. সংবিধানকে অক্ষুণ্ন রাখে

নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৬. রাষ্ট্রের সকল সম্মানের উৎস কে?
ক) প্রধানমন্ত্রী খ) রাষ্ট্রপতি
গ) স্পিকার ঘ) প্রধান বিচারপতি

১৭. রাজনৈতিক দলের বৈশিষ্ট্য কয়টি?
ক) ৩টি খ) ৪টি
গ) ৫টি ঘ) ৬টি

১৮. গণতন্ত্রে বিরোধী দল অপরিহার্য। কেননা গণতান্ত্রিক রাষ্ট্রের বিরোধী দলের ভূমিকা—
i. শাসকের মতো
ii. দর্শকের মতো
iii. প্রহরীর মতো

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. কতজন সদস্য নিয়ে নির্বাচন কমিশন গঠিত?
ক) দুই জন খ) তিন জন
গ) চার জন ঘ) পাঁচ জন

২০. স্থানীয় শাসনের কর্মকর্তাবৃন্দ কারা?
ক) নির্বাচিত প্রতিনিধি খ) স্থানীয় লোকজন
গ) সরকারি কর্মচারি ঘ) স্থানীয় পুলিশ

২১. জেলা পরিষদ কিছু ঐচ্ছিক কাজ করে থাকে? এরূপ ঐচ্ছিক কাজের অন্তর্ভুক্ত হলো—
i. পরিকল্পনা প্রণয়ন করা
ii. উন্নয়ন সাধন করা
iii. আইন প্রণয়ন করা

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. পার্বত্য জেলার প্রত্যেকটি জেলা পরিষদের সদস্য সংখ্যা কতজন?
ক) ৩১ খ) ৩২
গ) ৩৩ ঘ) ৩৪

২৩. বাংলাদেশ কোন মন্ডলে অবস্থিত?
ক) গ্রীষ্ম মন্ডলে খ) শীত মন্ডলে
গ) গুরু মন্ডলে ঘ) অশ্ব মন্ডলে

২৪. কোন ধরনের শিক্ষার জন্য বই রচনা করার প্রয়োজন?
ক) আনুষ্ঠানিক খ) কারিগরি
গ) পেশাভিত্তিক ঘ) ধর্মীয়


২৫. ভারত বর্ষ কত থেকে কত সাল পর্যন্ত ব্রিটিশ শাসনের অধীনে ছিল?
ক) ১৭৫৬-১৯৪৬ খ) ১৭৫৭-১৯৪৭
গ) ১৭৫৮-১৯৪৫ ঘ) ১৭৫৫-১৯৪৭

২৬. পাকিস্তান স্বাধীন হওয়ার কত বছর পর সে দেশের সংবিধান প্রণয়ন করা হয়?
ক) ৮ খ) ৯
গ) ১০ ঘ) ১১

২৭. মুক্তিযুদ্ধের সময় কোন সেক্টরের কোন আঞ্চলিক সীমানা ছিল না?
ক) ৮নং খ) ৯নং
গ) ১০নং ঘ) ১১ নং

২৮. কয়টি লক্ষ্য সামনে নিয়ে আঞ্চলিক সার্কের জন্ম ও অগ্রযাত্রা শুরু হয়েছে?
ক) ছয় খ) সাত
গ) আট ঘ) নয়

নিচের ডায়াগ্রামটি লক্ষ কর এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :




২৯. '?' চিহ্নিত স্থানে কোন সংখ্যাটি হবে?
ক) ৫৩ খ) ৫৯
গ) ৬০ ঘ) ৬১

৩০. ডায়াগ্রামে দেখানো সংস্থাগুলোর মধ্যে বাংলাদেশ যে সব সংস্থার সদস্য—
i. সার্ক
ii. জাতিসংঘ
iii. কমনওয়েলথ

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd.com

http://teachingbd.com